চুয়াডাঙ্গায় বিশ্ব মানবাধিকার দিবস পালিত

সবার জন্য স্বাধীনতা, সমতা ও ন্যায়বিচার” প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে নানান কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয়েছে বিশ্ব মানবাধিকার দিবস।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে দিবসটি উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা প্রশাসকের কার্যালয় এসে সমাপ্ত হয়। পরবর্তীতে জেলা প্রশাসকের কার্যালয় সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় তিনি বলেন, মানবাধিকার পূর্ণ প্রতিষ্ঠার মাধ্যমে বৈষম্য মূলক সমাজ বির্নিমাণে সরকার প্রতিশুতি বদ্ধ। মানবাধিকার সুরক্ষায় সংশ্লিষ্ট সকলকে কাজ করতে হবে। দরিদ্র জনগোষ্ঠী যাতে যেন এর সুফল পায় সে দিকে দৃষ্টি দিতে হবে। তারা যেন ন্যায় বিচার পায়। সকালের অধিকার সমুন্নত রাখার জন্য সচেষ্ট হতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান (পিপিএম-সেবা), অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) মোঃ রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মোঃ নাজিম উদ্দিন আল আজাদ পিপিএম-সেবা সহ জেলা প্রশাসন ও জেলা পুলিশ এবং বিভিন্ন দপ্তরের অফিস প্রধানগন।

আলমডাঙ্গায় ভোক্তা অধিদপ্তরের

অভিযানে পেঁয়াজের দাম কমালো ব্যবসায়ীরা

আলমডাঙ্গার কাঁচাবাজার ও আড়তে অভিযান চালিয়েছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ চুয়াডাঙ্গা অধিদপ্তর। এসময় অভিযানের খবর পেয়ে খুচরা পেয়াজ ব্যবসায়ীরা কেজিতে ৫০-৬০ টাকা দাম কমিয়ে বিক্রি করতে দেখা যায়। এসময় পণ্যের মুল্যতালিকা না থাকা ও ক্রয় বিক্রয় ভাউচার যথাযথভাবে সংরক্ষণ না করার অপরাধে চার প্রতিষ্ঠানকে ১১ হাজার টাকা জরিমানা করা হয়।

আজ রোববার (১০ ডিসেম্বর) দুপুরে এ অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

এর আগে, গত শুক্রবার আলমডাঙ্গার কাঁচা বাজারে খুচরা পেঁয়াজ বিক্রি হয় ৯০-১০০ টাকা। হঠাৎ শনিবার সকাল থেকে পেঁয়াজের দাম কেজিতে ৬০-৭০ টাকা বেড়ে ১৬০-১৭০ টাকা করে বিক্রি হয়। রবিবার সকাল থেকে ১৬০-১৮০ টাকা বিক্রি করে ব্যবসায়ীরা। তবে দুপুরে ভোক্তা অধিদপ্তরের অভিযানের খবরে প্রত্যেক খুচরা পেয়াজ ব্যবসায়ীরা ৫০-৬০ টাকা কেজিতে কমিয়ে বিক্রি করছেন বলে জানিয়েছেন বেশ কিছু ক্রেতারা।

অভিযান সুত্রে জানা যায়, বিভিন্ন অভিযোগের পরিপেক্ষিতে আলমডাঙ্গার পেয়াজ, কাঁচামালের আড়ত ও খুচরা দোকানসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। অভিযানকালে পেঁয়াজের দাম বেশি মূল্যে বিক্রয়, পণ্যের মুল্যতালিকা না থাকা ও ক্রয় বিক্রয় ভাউচার যথাযথভাবে সংরক্ষণ না করার অপরাধে মেসার্স ইউনুচ স্টোরকে তিন হাজার টাকা, মেসার্স নজরুল ট্রেডার্সকে তিন হাজার টাকা, মেসার্স সোহেল ট্রেডার্সকে তিন হাজার টাকা, মেসার্স মন্টু ট্রেডার্সকে দুই হাজার টাকা জরিমানা করা হয়। এসময় ব্যবসায়ীদের সতর্ক করা হয় এবং সচেতনতামুলক লিফলেট বিতরণ করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষন চুয়াডাঙ্গা অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ বলেন, পেঁয়াজের দাম বেশি মূল্যে বিক্রয় সহ বিভিন্ন অপরাধে চার প্রতিষ্ঠানকে ১১ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক দূর্নীতি বিরোধী দিবস উদযাপন

উন্নয়ন, শান্তি ও নিরাপত্তার লক্ষ্যে দুর্নীতির বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক দূর্নীতিবিরোধী দিবস-২০২৩ উদযাপন করা হয়েছে।

আজ শনিবার সকাল ৮ টা ৪৫ মিনিটে জাতীয় পতাকার সংগীত পরিবেশন ও দুদক পতাকা উত্তোলন ফেস্টুন ব্যানার উড্ডয়নের মধ্যে দিয়ে দিবসটির শুভ উদ্বোধন করেন সভার প্রধান অতিথি চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা । এরপর দিবসটি নিয়ে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের সম্মুখীনে মানববন্ধন করা হয়।

পরে এ দিবসটি উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় জেলা প্রশাসকের সন্মেলন কক্ষে। সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান। এসময় দিবসটি আয়োজন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়।

সভায় শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোওয়াত করেন, চুয়াডাঙ্গা ডিসি কোর্ট মসজিদের পেশ ইমাম ক্বারী কবির আহমেদ ও পবিত্র গীতা থেকে পাঠ করেন বাবু সুনিল মল্লিক। এরপর স্বাগত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা দুর্নীতি দমন কমিশনার বজলুর রহমান।

এরপর জেলায় সরকারি দপ্তরসহ অন্যান্য দপ্তরের দুর্নীতি কি ভাবে কমানো যায় তা নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় দুর্নীতির বিরুদ্ধে কি ভাবে রুখে দাঁড়াতে হয় তা নিয়ে আলোচনা সভায় উঠে আসে। দুর্নীতি দমন কি ভাবে করতে হয় সভায় উপস্থিত শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করা হয়।

এরপর সভার প্রধান অতিথি চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা বলেন, দুর্নীতি দমন করতে হবে সবাইকে। এই জন্য সবাইকে সচেতন হতে হবে। সমাজের নাগরিক হিসেবে দুর্নীতি দমন করতে হবে। যে মোটা দুর্নীতি গুলো হয় সেগুলো প্রতিরোধ করতে হবে। তাহলে ছোট দুর্নীতি গুলো বন্ধ হবে। চুয়াডাঙ্গা জেলার দুর্নীতি যেন খরবের শিরোনাম না হয় সেজন্য সবাইকে সচেতন হতে হবে। আজকের গোটা চারপাশ ও সমাজকে দুর্নীতি মুক্ত করতে হবে। তাহলে দেশ বাচবে ও দেশের মানুষ বাচবে। দুর্নীতি মুক্ত করতে হলে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে। দুর্নীত বিরুদ্ধে সোচ্চার হতে হবে। যে পর্যায়ে দুর্নীতি হোক না কেন সবাইকে রুখতে হবে। সবাই সবার পর্যায়ে থেকে দুর্নীতি দমন করতে হবে।

আলোচনায় সভায় আরও বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর কামরুজ্জামান, চুয়াডাঙ্গা জেলা মুক্তিযোদ্ধার ইউনিটের সাবেক জেলা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আবু হোসেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান (পিপিএম সেবা), চুয়াডাঙ্গা ঝিনুক বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের এক শিক্ষার্থী, প্রমুখ।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজা, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এ্যান্ড অপস) নাজিম উদ্দিন আল আজাদ, অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, চুয়াডাঙ্গা সিভিল সার্জনের প্রতিনিধি ভারপ্রাপ্ত সিভিল সার্জন ডা. আওলিয়ার রহমান, প্রমুখ।

এছাড়াও সভায় উপস্থিত ছিলেন জেলার সরকারি দপ্তরের সকল কর্মকর্তা ও জেলা আইনশৃঙ্খলা বাহিনীর পুলিশ সদস্য, জেলার ছাত্র ও ছাত্রী, সুসিল সমাজের নেতৃবৃন্দ, চুয়াডাঙ্গা রোভার স্কাউটসের সদস্যবৃন্দ।

সভার শেষ পর্বে সভায় উপস্থিত সকলে স্লোগান দিয়ে বলে ওঠে

দুর্নীতি কে না বলি, দুর্নীতির বিরুদ্ধে আওয়াজ তুলি।

আলমডাঙ্গায় নওদা-বন্ডবিলে মৌমাছির কামড়ে কৃষকের মৃত্যু

আলমডাঙ্গায় মৌমাছির কামড়ে মজিবর বিশ্বাস (৫২) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। আজ শুক্রবার বিকেল ৫ টার দিকে ধান ক্ষেতে পানি দিতে গিয়ে এ ঘটনা ঘটে। নিহত মজিবর বিশ্বাস আলমডাঙ্গা পৌর এলাকার নওদা-বন্ডবিল গ্রামের মৃত সাদেক বিশ্বাসের ছেলে।

স্থানীয়রা জানান, আজ শুক্রবার বিকেলে কৃষক মজিবর নিজ খেতে পানি দিতে যান। বন্ডবিল রেলগেট নামক স্থানে পৌঁছালে বাঁজপাখির আক্রমণে গাছ থেকে মৌমাছির বাসা ভেঙে তার শরীরের উপর পড়ে। মৌমাছির কামড়ে তিনি গুরুত্বর আহত হন। তার চিৎকারে স্থানীয়রা উদ্ধার করে একটি প্রাইভেট ক্লিনিকে ভর্তি করেন। তিনি চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

এবিষয়ে পৌরসভার ৮ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আশরাফুল হোসেন বাবু জানান, মজিবর রহমান মাঠে যাচ্ছিলেন তার ধান ক্ষেত দেখতে। সাইকেল নিয়ে একটি গাছের নিচে তিনিসহ আরো কয়েকজন দাঁড়িয়ে কথা বলছিলেন। এসময় একটি বাজ পাখি মৌমাছির চাকে আক্রমণ করলে তা ভেঙ্গে মজিবর রহমানের গায়ের উপর পড়ে। বেশ কিছু মৌমাছি তাকে কামড়ে আহত করে। তাকে উদ্ধার করে স্থানীয় একটি বেসরকারি ক্লিনিকে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, কোনো অভিযোগ না থাকায় মরদেহ হস্তান্তর করা হয়েছে। এ ব্যাপারে একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।

চুয়াডাঙ্গায় দুই থানার ওসিকে বদলী জনিত বিদায় সংবর্ধনা

চুয়াডাঙ্গা জেলা পুলিশ হতে বদলী জনিত বিদায়ী দুই অফিসার ইনচার্জকে আনুষ্ঠানিক বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে।

আজ শুক্রবার এগারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা দুই থানার অফিসার ইনচার্জকে আনুষ্ঠানিক ভাবে বিদায় সংবর্ধনা প্রদান করেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশে কর্মরত পুলিশ পরিদর্শক(নিঃ) চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান ও আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ পুলিশ পরিদর্শক(নিঃ) বিপ্লব কুমার নাথ। সম্প্রতি চুয়াডাঙ্গা জেলা হতে চুয়াডাঙ্গা থানার অফিসার ইনচার্জ ঝিনাইদহ জেলা পুলিশের মহেষপুর থানা অফিসার ইনচার্জ এবং আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ হতে নড়াইলের নড়াগাতি থানার অফিসার ইনচার্জ হিসেবে বদলির আদেশপ্রাপ্ত হন।

উক্ত আয়োজনে আরও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) নাজিম উদ্দীন আল-আজাদ পিপিএম- সেবা, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, ডিআইও-১ ডিএসবি আবু জিহাদ ফখরুল আলম খান, টিআই প্রশাসন ওলিউজ্জামানসহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসারগণ।

জীবননগরে টানা তিনদিনের বৃষ্ঠিতে ফসলের ক্ষতির আশঙ্কা

জীবননগর উপজেলায় টানা তিনদিনের বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। ফসলী জমিতে পানি জমে গেছে। এতে ফসলের ক্ষতির আশঙ্কায় রয়েছেন প্রান্তিক চাষীরা।গত বুধবার সন্ধা থেকে বিরতিহীন বৃষ্টি

হওয়ায় এ ক্ষতির আশস্কা করছেন ।

জীবননগর উপজেলা কৃষি অফিস সুত্রে জানা গেছে, গত বুধবার থেকে অনবরত বৃষ্টি হওয়ার কারণে আলু ফসলের ব্যাপক ক্ষতি হবে।

আজ শুক্রবার সকালে সরজমিনে দেখা যায়, উপজেলার হাসাদহ ইউনিয়নের বৈদ্যানাথপুর, বাকা ইউনিয়নের মিনহাজপুরসহ ৮টি ইউনিয়নে তিন দিনের অনবরত বৃষ্টির কারণে আলু ফসলের খেতে প্রচুর পানি জমে গেছে। ফসলের মাঠগুলোতে আলু, সরিষা, বোরো ধানের বীজতলা, পেয়াজ,ভুট্টাসহ শীতকালীন তরকারি রয়েছে।

হাসাদহ ইউনিয়নের বৈদ্যানাথপুর গ্রামের কৃষক জসিম উদ্দিন জানান, ৫ জমিতে তিনি আলু চাষ করেছেন। বুধবার থেকে বৃষ্টি শুরু হওয়ায় জমিতে হাটু পানি বেধে থাকায় সব শেষ হয়ে যাবে মনে হচ্ছে।

বাকা ইউনিয়নের কৃষক নিজাম হোসেন জানান, চলতি বছরে ২ একর জমিতে আলু,পেয়াজ চাষাবাদ করেছি। সার-ঔষধের দাম হওয়ায় খরচ হয়েছে ব্যাপক। তিন দিনের টানা বৃষ্টিতে ক্ষেতে পানি জমে গেছে। পেয়াজ বীজ ও আলু বীজ পচে যাওয়ার সম্ভবনা রয়েছে । আমাদের অনেক ক্ষতি হয়েছে। বিভিন্ন জনের কাছ থেকে ধারদেনা করে চাষাবাদ করেছি।

সীমান্ত ইউনিয়নের গঙ্গাদাশপুর গ্রামের প্রান্তিক কৃষক রনি আহম্মেদ বলেন,ধান চাষের জন্য বীজতলা ছিল তিন দিনের পানিতে বীজতলা পানির নিচে পানি ছেকে দেওয়া হয়েছে এখন কি যে হবে সেটাই দেখার বিষয় বীজতলা নষ্ঠ হলে চাষে লোকসান গুনতে হবে। করা। লাল শাক বাজারজাত হওয়ার আগেই বৃষ্টির পানিতে পচে গেছে।

জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মনিরুজ্জামানের সাথে কথা বলার জন্য চেষ্ঠা করা হলে ফোনটি রিসিপ না করায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।তবে হাসাদহ ইউনিয়নের উপ-সহকারী কৃষি কমকতা মোঃ শিমুল হোসেন জানান, বৈদ্যানাথ পুর ব্লকে ২১০ হেক্টর জমিতে আলু চাষ হচ্ছে।টানা তিন দিন বৃষ্টি হচ্ছে। বিভিন্ন এলাকায় ক্ষেতে পানি জমে গেছে। আমরা সার্বক্ষণিক মনিটরিং করছি এবং কৃষকদের খোঁজ খবর নিচ্ছি। বিশেষ করে আলু চাষে কিছুটা ক্ষতি সম্ভবনা রয়েছে ।

চুয়াডাঙ্গায় ১৫ মিলিমিটার বৃষ্টি, বাড়তে পারে শীত

ঘূর্ণিঝড় মিগজাউমের প্রভাবে চুয়াডাঙ্গায় বুধবার রাত থেকে মাঝারি বৃষ্টিপাত শুরু হয়েছে। গতকাল বৃহস্পতিবারও এ বৃষ্টিপাত অব্যাহত রয়েছে। আজ শুক্রবার আকাশ আংশিক মেঘলা থাকতে পারে কিন্তু বৃষ্টির সম্ভাবনা খুবই কম। এদিকে বৃষ্টিপাতের ফলে বিপাকে পড়েছে খেটে খাওয়া সাধারণ মানুষ।

চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া পর্যবেক্ষণাগার এসব তথ্য নিশ্চিত করেছেন। তবে পূর্বাবাস অনুযায়ী আগামী শনিবার আবহাওয়া ভালো থাকতে পারে। আবহাওয়া পর্যবেক্ষণাগারের সিনিয়র পর্যবেক্ষক রকিবুল হাসান জানান, গত ২৪ ঘণ্টায় ৭ ডিসেম্বর সকাল ৯টা পর্যন্ত চুয়াডাঙ্গায় ১৫.৬ মিলিমিটার বৃষ্টিরপাত রেকর্ড করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ৯টায় চুয়াডাঙ্গায় সর্বনিম্ন তাপমাত্রা ১৯.০ ডিগ্রি সেলসিয়াস। ঘূর্ণিঝড় মিগজাউমের প্রভাবে এ ধরনের আবহাওয়া বিরাজ করছে।

তিনি আরো জানান, শনিবার (৯ ডিসেম্বর) অবশ্য বৃষ্টি কমে আসবে। বৃষ্টির কারণে খানিকটা শীত অনুভূত হতে পারে। বৃষ্টি চলে যাওয়ার পর দুদিন বাতাসে অনেকটা আর্দ্রতা থাকবে। তাই তাপমাত্রা তেমন কমবে না। তবে দুদিনের মধ্যে আর্দ্রতা হ্রাস পেলে সোমবার থেকে শীত কিছুটা বাড়তে পারে।

দর্শনায় কেরুজ চিনিকলে মাড়াই ও রোপন মৌমুমের আলোচনা সভা

কেরুজ চিনিকলের ২০২৩-২৪ মাড়াই/রোপন মৌসুমে আখ সরবরাহ ও রোপনের গুনগত মানসম্পন্ন আখ রোপনে লক্ষ্যমাত্রা অর্জনে সিআইসি ও সিডিএদের সাথে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে কেরুজ ট্রেনিং কমপ্লেক্স ভবনে এ মতবিনিময় সভা অনুষ্টিত হয়।

মতবিনিময় সভায় কৃষি বিভাগের জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়ার সভাপতিত্বে, অনুষ্ঠানে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন কেরু এ্যান্ড কোম্পানীর সুযোগ্যা ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

এ সময় তিনি বলেন, আগামীতে আখ চাষ বাড়বে এবং কেরু এ্যান্ড কোম্পানি আগের মত ঘুরে দাঁড়াবে আপনাদের সহযোগীতা পেলে। আপনারা নিজ জায়গা থেকে প্রত্যকটি চাষীদেরদের সাথে যোগাযোগ রাখবেন এমনিতেই আখ চাষ বেঁড়ে যাবে। বর্তমানে কেরু এ্যান্ড কোম্পানী সার বীজ কীটনাশক কম দামে দিচ্ছে। তাই আগামীতে আখের মুল্য আরও বাড়বে সেই আলোকে চাষীরা আবার আখ চাষের দিকে ঝুকবে। তাই চিনকলটি টিকিয়ে রাখতে একসাথে কাজ করতে হবে। তাহলে চিনিকলটি সামনের দিকে এগিয়ে যাবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা কেরুজ শ্রমিক ইউনিয়ের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, সহ সম্পাদক মোস্তাফিজুর রহমান, সহ সভাপতি মফিজুল ইসলাম।

আরও উপস্থিত ছিলেন সিআইসি ও সিডিএ প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ডি জি এম মাহবুবুর রহমান।

আলমডাঙ্গায় মানসিক ভারসাম্যহীন যুবতী নিখোঁজ

আলমডাঙ্গায় খালাতো বোনের বাড়িতে বেড়া গিয়ে ঝর্ণা খাতুন (১৬) নামে এক মানসিক ভারসাম্যহীন যুবতী নিখোঁজ হয়েছে।

গত ১৫ দিন পূর্বে সে উপজেলার কুমারী ইউনিয়নের দেঘলডাঙ্গা গ্রামে খালাতো বোনের বাড়িতে বেড়াতে যান। তার বোনের বাসা থেকে সকলের অজান্তে বের হওয়ার পর থেকে সে নিখোঁজ হয়। পরে বিভিন্ন স্থানে

খোঁজাখুঁজি করে না পেয়ে ২২ নভেম্বর তার পিতা শহিদুল ইসলাম বাদী হয়ে আলমডাঙ্গা থানায় একটি সাধারণ ডায়েরী করেন।

যুবতীর পড়নে ছিল সালোয়ার কামিজ ও সুতি ফোটা যুক্ত ওড়না। গায়ের রং ফর্সা লম্বা, চামড়ার রং ফর্সা । ৪ ফুট ৬ ইঞ্চি এবং ৪০/৪৫ কেজি ওজন হবে। এবিষয়ে মানবিক বিবেচনায় ভারসাম্যহীন রোগীকে খুঁজে পেতে সকলের সহযোগিতা কামনা করেছেন ঝর্ণার পিতা শহিদুল ইসলাম।

দর্শনা পৌরসভায় বিজয় দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা

মহান বিজয় দিবস১৬ ই ডিসেম্বর পালনের লক্ষে দর্শনা পৌরসভায় প্রস্তুতি মৃলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে দর্শনা পৌরসভার হল রুমে অনুষ্টিত প্রস্তুতি সভার সভাপতিত্ব করেন, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু।

অনুষ্টানে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারী কলেজের সাবেক উপধাক্ষ্য মোশারফ হোসেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজের প্রভাষক আশরাফুল আলম, দর্শনা থানার ওসি তদন্ত নিরব হোসেন, বীর মুক্তিযোদ্ধা এরশাদ আলী মাষ্টার, বীর মুক্তিযুদ্ধা মহাসিন আলী।

দর্শনা পৌর প্যালেন মেয়র রবিউল হক সুমনের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান,দর্শনা গনউন্নয়ন গ্রন্থগারের পরিচালক আবু সুফিয়ান,পৃর্ব রামনগরের প্রধান শিক্ষক হারুন অর রশিদ,দর্শনা পৌরসভার কর্মকর্তা কর্মচারী বৃন্দ প্রমুখ।